



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd  
১৩-১৪, জয়নাম রোড, বকসিবাঙ্গার, ঢাকা ১২১১



পত্র নং : ৭৬২/ক/অনুঃ/২০১৫/২৪০

তারিখ: ২৮/০৪/২০২৪

বিষয় : উচ্চমাধ্যমিক পর্যায়ে একাডেমিক স্বীকৃতি প্রদান প্রসঙ্গে।

সূত্র : মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এর ১৪/০৩/২০২৪ তারিখের ৫ম মঞ্জুরী কমিটির সিদ্ধান্ত ও ০৪/০৪/২০২৪ তারিখের ২৩০তম বোর্ড সভার ক্রমিক নং-৩৩ এর অনুমোদনের প্রেক্ষিতে।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা নিম্নোক্ত শর্ত সাপেক্ষে নিম্নলিখিত শাখা ও বিষয়সমূহসহ রাজবাড়ী জেলার পাংশা উপজেলায় অবস্থিত "জঙ্গল সফিলনী উচ্চ বিদ্যালয় ও কলেজ" এর উচ্চমাধ্যমিক পর্যায়ে একাডেমিক স্বীকৃতি ০১/০৭/২০২৪ তারিখ হতে ৩০/০৬/২০২৭ তারিখ পর্যন্ত মোট ০৩ (তিন) বছরের জন্য প্রদান করা হলো।

শাখাসমূহ	মানবিক শাখা	বিজ্ঞান শাখা	ব্যবসায় শিক্ষা শাখা
(১) মানবিক	(১) পৌরনীতি ও সুশাসন	(১) পদার্থ বিজ্ঞান	(১) হিসাব বিজ্ঞান
(২) বিজ্ঞান	(২) সমাজ বিজ্ঞান	(২) রসায়ন বিজ্ঞান	(২) ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা
(৩) ব্যবসায় শিক্ষা	(৩) জুশোল	(৩) জীব বিজ্ঞান	(৩) উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন
আবশ্যিক	(৪) ইতিহাস	(৪) উচ্চতর গণিত	(৪) অর্থনীতি
(১) বাংলা			
(২) ইংরেজি			
(৩) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি			

### শর্তসমূহ :

- (০১) আগামী ০১(এক) বছরের মধ্যে শিক্ষার্থীর সংখ্যা ও ফলাফল সন্তোষজনক পর্যায়ে উন্নীত করতে হবে।
- (০২) শিক্ষক/জনবলের বেতন ভাতাদি কলেজের নিজস্ব অর্থায়নে পরিচালিত হবে।
- (০৩) নিয়োগকৃত শিক্ষক কর্মচারীদের বেতন ভাতাদি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে পরিশোধ করা হবে।
- (০৪) কলেজের কোন শাখা ক্যাম্পাস চাচু করা যাবে না।
- (০৫) উক্ত অনুমোদন ভবিষ্যতে অন্য কোন প্রতিষ্ঠানের ক্ষেত্রে উদাহরণ অথবা নজির হিসেবে বিবেচিত হবে না।
- (০৬) সরকার প্রয়োজন মনে করলে যে কোন সময় যে কোন শর্ত আরোপ করতে পারবে।
- (০৭) বেসরকারি কলেজের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে।
- (০৮) কোন শর্ত প্রতিপালনে ব্যর্থ হলে সরকার যে কোন সময় এ অনুমোদন বাতিল করতে পারবে।
- (০৯) বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান (নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক) স্থাপন, পাঠদান ও একাডেমিক স্বীকৃতি প্রদান নীতিমালা-২০২২ অনুযায়ী সকল শর্ত যথাযথভাবে পূরণ করতে হবে।
- (১০) সাধারণ তহবিলে ২,০০,০০০ (দুই লক্ষ) এবং সংরক্ষিত তহবিলে ৪,০০,০০০ (চার লক্ষ) টাকা স্থিতি থাকতে হবে।
- (১১) কলেজের সংরক্ষিত তহবিলের ৪,০০,০০০ (চার লক্ষ) টাকা বোর্ডের পূর্বনুমতি ছাড়া উঠানো যাবে না।
- (১২) শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত (নং-শাঃ/১০এম ৫০/৮৩/৫৬০(১৫০০০)-শিক্ষা, তারিখ ১০ ই জুন, ১৯৮৪) পরিদর্শন ও হিসাব নিরীক্ষণ অধিদপ্তরের বে-সরকারী শিক্ষা প্রতিষ্ঠানের হিসাবরক্ষণ পদ্ধতি "নির্দেশিকা" অনুসারে ব্যাংকে রাখতে হবে এবং ক্যাশ বহিহেত হিসাব সংরক্ষণ করতে হবে।
- (১৩) প্রত্যেক অর্থ বছরের শেষে কলেজের জমা খরচের হিসাব রেজিস্টার্ড অডিটর দ্বারা অডিট করাতে হবে এবং অডিট রিপোর্ট বোর্ডে পাঠাতে হবে।
- (১৪) বিধি মোতাবেক কমিটি গঠন করে বোর্ডের অনুমোদন নিতে হবে।
- (১৫) কলেজের পরবর্তী অস্থায়ী স্বীকৃতির সময়সীমা বৃদ্ধি প্রদানের বিষয়ে নিম্নলিখিত রিপোর্ট ও প্রয়োজনীয় ফি পাওয়ার পর বিবেচনা করা হবে।
  - (ক) উপরোক্ত শর্তগুলি পূরণ সংক্রান্ত রিপোর্ট।
  - (খ) কলেজের কার্য পদ্ধতি সম্পর্কে সন্তোষজনক পরিদর্শন রিপোর্ট।
  - (গ) অস্থায়ী স্বীকৃতির সময়সীমা বৃদ্ধির ফি বাবদ ১০,০০০/- (দশ হাজার) টাকা বোর্ডের সচিব-এর অনুকূলে সোনালী সেবার রশিদ।

চেয়ারম্যানের আদেশক্রমে

স্বাঃ-

প্রফেসর মোহাম্মদ আবুল মনছুর জুঙ্গা  
কলেজ পরিদর্শক(অতি: দায়িত্ব) ও বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোন : ০২-৫৮৬১২৪৭৬

অধ্যক্ষ

জঙ্গল সফিলনী উচ্চ বিদ্যালয় ও কলেজ (EIN : 113271)  
বালিয়াকান্দি, রাজবাড়ী।

মোমো নং : ২৪০(৬)

তারিখ: ২৮/০৪/২৪

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হল:

- (০১) সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- (০২) মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- (০৩) জেলা প্রশাসক, রাজবাড়ী।
- (০৪) পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- (০৫) সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- (০৬) অফিস কপি।

কলেজ পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

হস্তাক্ষর